

শিক্ষা ভবনে টেন্ডারবাজি
সিডিউল জমা দিতে
বাধা দিয়েছে
সন্ত্রাসীরা

নিজস্ব বাজী পরিবেশক ঃ শিক্ষা ভবনে আবারো টেন্ডারবাজি। গতকাল সোমবার যুবদের সন্ত্রাসীরা ঠিকাদারদের সিডিউল জমা দিতে বাধা দিয়েছে। এ টেন্ডার সন্ত্রাসীদের সঙ্গে শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা ভবনের এক শ্রেণীর কর্মকর্তা হাত মিলিয়ে সিডিউল গায়েব করে ফেলেছে বলে অভিযোগ করেছেন ঠিকাদাররা।

গত ১লা ফেব্রুয়ারি মানব উন্নয়নের জন্য সাক্ষরতা উত্তর ও অব্যাহত শিক্ষা প্রকল্প ১ এর জন্য আসবাবপত্র ক্রয়ের ২৬ লাখ টাকার একটি টেন্ডার আহ্বান করা হয়। গতকাল ছিল সিডিউল কেনার শেষ দিন। ঠিকাদাররা সিডিউল কেনার জন্য প্রয়োজনীয় ব্যাংক ড্রাফট জমা দিলেও তারা শেষ দিন পর্যন্ত কোন সিডিউল হাতে টেন্ডারবাজি ঃ পঃ ১১ কঃ ৬

টেন্ডারবাজি ঃ শিক্ষা ভবনে

(১২-এর পৃষ্ঠার পর)

পাননি।

এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ে অভিযোগ করে ঠিকাদার গিয়াস উদ্দিন কাজল, শিক্ষা ভবনে সিডিউল কিনতে দেয়নি সন্ত্রাসীরা।

বাধা হয়ে মন্ত্রণালয়ে এসেছি কিন্তু সেখানেও কর্মকর্তারা কোন সিডিউল দেয়নি। সিডিউলের কথা জানতে চাইলে তারা আবোলভাবোল বুঝিয়েছে।